

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৪৩

১২/ ব্যবসা-বাণিজ্য (كتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৪৩. আয় ভোগ দায় বহনের সাথে যুক্ত।

بَابِ الْخَرَاجُ بِالضَّمَانِ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا مُسْلِمُ بْنُ خَالِدِ الزَّنْجِيُّ، حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، أَنَّ رَجُلاً، اشْتَرَى عَبْدًا فَاسْتَغَلَّهُ ثُمَّ وَجَدَ بِهِ عَيْبًا فَرَدَّهُ. فَقَالَ يَا رَسُولَ اللَّهِ عَنْ عَائِشَةَ، أَنَّ رَجُلاً، اشْتَرَى عَبْدًا فَاسْتَغَلَّهُ ثُمَّ وَجَدَ بِهِ عَيْبًا فَرَدَّهُ. فَقَالَ يَا رَسُولَ اللَّهِ عَنْ الله عليه وسلم - " الْخَرَاجُ بِالضَّمَانِ " إِنَّهُ قَدِ اسْتَغَلَّ غُلاَمِي . فَقَالَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - " الْخَرَاجُ بِالضَّمَانِ "

বাংলা

২/২২৪৩। আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। এক ব্যক্তি একটি গোলাম খরিদ করে তার দ্বারা কিছু উপার্জনও করে। অতঃপর গোলামের মধ্যে কিছু দোষ পেয়ে সে তা ফেরত দেয়। বিক্রেতা এসে বললো, ইয়া রাসূলাল্লাহ! সে আমার গোলাম দ্বারা কিছু উপার্জনও করেছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ উপার্জন ভোগ দায় বহনের সাথে যুক্ত।

English

It was narrated from 'Aishah that:

a man bought a slave and put him to work, then he found some defect in him, so he returned him. He (the seller) said: "O Messenger of Allah he put my slave to work." The Messenger of Allah (ﷺ) said: "A slave's earnings belong to his guarantor."

ফুটনোট

ইবনু মাজাহ ২২৪২, তিরমিয়ী ১২৮৫, ১২৮৬, নাসায়ী ৪৪৯০, আবূ দাউদ ৩৫০৮, আহমাদ ২৩৭০৪, ২৩৯৯৩, ২৪৩২৬, ২৪৭৪৮, ২৫২১৭, ২৫৪৬৮, ইরওয়া ১৩১৫।



তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী মুসলিম বিন খালিদ আয-যানজী সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তার হাদিস বর্ণনায় কোন অসুবিধা নেই। আবু জা'ফার আল-উকায়লী ও আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৯২৫, ২৭/৫০৮ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন